

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তিকে প্রয়োজনে বাম পায়ের নিচে থুথু ফেলার নির্দেশ; ডানে বা সামনে নয়

ذِكْرُ الْأُمْرِ لِلْمُصلِّي أَنْ يَبْصُقَ عَنْ يَسَارِهِ تَحْتَ رِجْلِهِ الْيُسْرَى لَا عَنْ يَمِينِهِ وَلَا تلقاء وجهه

আরবী

2262 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا عَمْرُو بْنُ زُرَارَةَ الْكِلَابِيُّ حَدَّثَنَا حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ مُجَاهِدِ أَبُو حُرَزَةَ عَنْ عُبَادَةَ بْنِ الْولِيدِ بْنِ عُبَادَةَ بْنِ الْصَامِتِ قَالَ: أَيَنْنَا جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ فِي مَسْجِدِهِ وَهُو يُصَلِّي فِي تَوْبِ وَاحِدِ مُشْتَمِلًا بِهِ فَتَخَطَّيْتُ الْقَوْمُ حَتَّى جَلَسْتُ بَيْنَهُ وَيَيْنَ الْقِبْلَةِ فَقُلْتُ: يَرْحَمُكَ اللَّهُ تُصَلِّي فِي ثَوْبٍ وَاحِد مُشْتَمِلًا بِهِ وَهَذَا رِدَاوُكَ إِلَى جَنْبِكَ؟! فَقَالَ بِيَدِهِ فِي صَدْرِي: أَرَدْتُ أَنْ يَدْخُلَ عَلَيَّ أَحْمَقُ مِثْلُكَ فَيَصَنَعُ بَمِثِلِهِ أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَسْجِدِنَا فَيَرَانِي كَيْفَ أَصْنَعُ فَيَصَنَعُ بِمِثْلِهِ أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَسْجِدِنَا هَذَا وَفِي يَدِهِ عُرجون ابْنِ طَابِ فَرَأَى نُخَامَةً فِي قِبْلَةِ الْمَسْجِدِ فَأَقْبَلَ عَلَيْهَا فَحَكَّهَا بِالْعُرْجُونِ ثُمَّ أَقْبُلَ عَلَيْنَا فَقَالَ: (أَيُّكُمْ يُحِبُّ أَنْ يُعْرِضَ اللَّهُ عَلْهُ ؟) قالَ: فَخَشَعْنَا ثُمَّ قَالَ: إللَّهُ عَلْهُ وَسَلَّمَ فَحَكُهُا لَكُمْ يُحِبُّ أَنْ يُعْرِضَ اللَّهُ عَنْهُ؟) قَالَ: (إِنَّ أَحَدَكُمْ إِنَا لَكُو يَعْبُلُ وَمُولِ اللَّهِ قَالَ: (إِنَّ أَحَدَكُمْ إِنَا قَامَ لَكُمْ يُحِبُ أَنْ يُعْرِضَ اللَّهُ عَنْهُ؟) وَلَا عَلَيْهُ وَلَيْقُلْ بِتَوْيِهِ وَلَا عَنْ يَعِنِهِ وَلَيْبُولُ وَيْفِي وَلَكُمْ يُولِ عَلَيْ يَقُولُنَا يَوْمُنُ فِي عَلَى اللَّهُ عَلَيْهُ وَلَا عَنْ يَعْرِبُ وَلَيْقُلُ بِتَوْيِهِ هَكَذَا لَ وَرَبُهِ فَقَامَ فَتَى مِنَ الْحَيِّ فَلَاكُونَ فِي عَلَى اللَّهُ عَلَيْهُ وَلَا عَلَى اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ فَجَعَلَهُ عَلَى رَأْسِ الْعُرْجُونِ وَلَطَحَ بِهِ عَلَى أَثُو اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ فَلَى مَالِكُ عَلَى اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ فَلَكُمْ اللَّهُ عَلَيْهُ وَلَا عَلَى أَنْو اللَّهُ عَلَيْهُ وَلَا عَلَى أَلْو اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهُ فَا فَتَمْ فَقَامَ فَتَى مِنْ الْحَلَّهُ عَلَى رَأُسِ الْغُرْجُونِ وَلَعْلَهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَى اللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَى اللَّهُ عَلَى

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2262 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (500): م.



বাংলা

২২৬২. উবাদা বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা জাবির বিন আবুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমার কাছে তাঁর সালাত আদায়ের স্থানে আসি, এমন অবস্থায় যে তিনি এক কাপড় জড়িয়ে সালাত আদায় করছিলেন। আমি লোকদের মধ্য দিয়ে তাঁর ও তাঁর কিবলার মাঝে গিয়ে বসলাম। অতঃপর তাকে বললাম, ''আল্লাহ আপনার প্রতি রহম করুন। আপনি এক কাপড়ে সালাত আদায় করছেন, আপনার চাদর আপনার পাশেই আছে?" তখন তিনি তার হাত আমার বুকে মেরে বললেন, "আমি চেয়েছি যে, আপনার কাছে তোমার মতো আহম্মক প্রবেশ করে দেখুক যে, আমি কিভাবে সালাত আদায় করি। অতঃপর সে-ও অনুরুপ করুক। একবার রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই মাসজিদে আমাদের কাছে আসেন, এসময় তাঁর হাতে উরজুন বিন তাবা গাছের ডাল ছিল। এসময় তিনি মাসজিদের কিবলার দিকে শ্লেষ্মা দেখতে পান, অতঃপর তিনি সেদিকে এগিয়ে যান এবং উরজুনের ডাল দিয়ে তা খুঁচিয়ে তুলে ফেলেন। তারপর তিনি আমাদের মুখোমুখি হন এবং বলেন, "তোমাদের মধ্যে কে চায় যে, তার থেকে আল্লাহ মুখ ফিরিয়ে নিক?" রাবী বলেন, "ফলে আমরা ভীত-সন্ত্রস্ত্র হয়ে গেলাম! তারপর তিনি আবার বলেন, "তোমাদের মধ্যে কে চায় যে, তার থেকে আল্লাহ মুখ ফিরিয়ে নিক?" তখন আমরা বললাম, "না, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! আমাদের কেউ এমনটা চায় না!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "যখন তোমাদের কেউ সালাতে দাঁড়ায়, তখন আল্লাহ তার সামনের দিকে থাকেন। কাজেই সে যেন সামনের দিকে থুথু না ফেলে। আর ডান দিকেও ফেলবে না বরং বাম দিকে, বাম পায়ের নিচে ফেলবে। আর যদি খুব দ্রত ফেলতে হয়, তাহলে সে যেন তা তার কাপড়ে ফেলে -এবং কাপড়ের একাংশকে আরেক অংশ দিয়ে ঘষা দেয়- তোমরা আমাকে একটু খোশবু দাও।" অতঃপর এক যুবক উঠে দ্রুত তার পরিবারের কাছে যায় এবং দুই হাতের তালুতে সুগন্ধি নিয়ে আসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা নিয়ে উরজুনের মাথায় দেন এবং তা শ্লেমার চিহ্নের জায়গায় তা বুলিয়ে দেন।"

জাবির রাদিয়াল্লাহু আনহু বলেন, "সেখান থেকেই তোমরা তোমাদের মাসজিদগুলোতে সুগন্ধি দিয়ে থাকো।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩০০৮; আবূ দাউদ: ৪৮৫; সুনান বাইহাকী: ২/২৯৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন